দৈনিক জনকণ্ঠ

তারিখ ... OCT 1 2 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ৩০ বছর পর ঢাকা ভার্সিটিতে সমাবর্তন

মামুন-অর-রশীদ ॥ দীর্ঘ ৩০ বছর পর আগামী ১৮ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাধারণ সমাবর্তন অনুষ্ঠিত হবে। এদিন সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রে অনুষ্ঠান চলবে। ১৯৭০ সালের পর দীর্ঘ সময়ের বন্ধ্যাত্বের অবসান ঘটিয়ে বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন দিনমান অক্লান্ত পরিশ্রম করে সমাবর্তনের আয়োজন করছে। বিশ্ববিখ্যাত অর্থনীতিবিদ, নোবেল বিজয়ী অমর্ত্য সেন এই সমাবর্তনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। ১৫ নবেম্বর রেজিস্ট্রেশন করার শেষ তারিখ।

সমাবর্তনে যে সকল ডিগ্রীপ্রাপ্ত গ্রাজুয়েট ও পদকপ্রাপ্তরা অংশ নিতে পারবেন, তাঁরা হচ্ছেন– ১৯৯৬ সালের মাস্টার্স ডিগ্রী, ১৯৯৭ সালের অনার্স ডিগ্রী, ইনস্টিটিউটসমূহের ১৯৯৭ ও ১৯৯৮ সালের অনার্স এবং মাস্টার্স ডিগ্রী, এমফিল ডিগ্রী (জানুয়ারি ১৯৯৫ থেকে জুন ১৯৯৮ পর্যন্ত) পিএইচডি ডিগ্রী (১৯৭০ সালের মার্চে অনুষ্ঠিত ৩৯তম সমাবর্তনের পর থেকে বর্তমান পর্যন্ত), ১৯৯৭ ও ১৯৯৮ সালের এমবিবিএস ও বিডিএস ডিগ্রী, ১৯৯৭ সালের বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজি, ১৯৯৭ ও ১৯৯৮ সালের বিএসসি ইন নার্সিং সায়েন্স, ১৯৯৭ সালের বিএসসি (পাস) ইন হোম ইকোনমিক্স, স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা ইনস্টিটিউট থেকে ১৯৯৭ ও ১৯৯৮ সালে প্রাপ্ত ডিগ্রী, ১৯৯২ সালে পদক বিতরণ অনুষ্ঠানের পর এ পর্যন্ত যাঁরা স্বর্ণপদক

(১১ পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## ৩০ বছর পর

(১২-এর পাতার পর)

পেয়েছেন।

৪০তম সমাবর্তনে যোগদানেচ্ছু গ্রাজুয়েট ও পদকপ্রাপ্তদের অবশ্যই বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট একাডেমিক পোশাকে সমাবর্তনে উপস্থিত থাকতে হবে। উপরোল্লিখিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ গ্রাজুয়েট ও পদকপ্রাপ্তদের মধ্যে যাঁরা ইতোমধ্যে তাঁদের ডিপ্লোমা (মূল সনদপত্র) উঠিয়েছেন এবং সমাবর্তনে অংশগ্রহণ করতে আগ্রহী তাঁদের পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরে সমাবর্তন '৯৯-এর জন্য নির্ধারিত দু'টি ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। ফরম পূরণের পর রেজিস্ট্রেশন ফিস বাবদ এক হাজার টাকা আগামী ১৫ নবেম্বর ১৯৯৯ তারিখের মধ্যে টিএসসি'র জনতা ব্যাংক অথবা কার্জন হলের অগ্রণী ব্যাংক শাখায় জমা দিতে হবে। '৪০তম সমাবর্তন ১৯৯৯' খাতে নগদ টাকা জমা দিয়ে তিন কপি সত্যায়িত ছবিসহ ফরম পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরে জমা দিতে হবে। সমাবর্তনে অংশগ্রহণে ইচ্ছুক যাঁরা সার্টিফিকেট তোলেননি তাঁদের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। তবে তাঁদের উপরোক্ত প্রক্রিয়া ছাড়াও অতিরিক্ত কাজ হিসাবে সার্টিফিকেটের জন্য নির্ধারিত ফরম পূরণ করে নির্ধারিত ফিস জমা দিয়ে এক কপি সত্যায়িত ছবিসহ ফরমটি পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরে জমা দিতে হবে।

১৫ নবেম্বর ১৯৯৯-এর পরে কোন ফিস গ্রহণ করা হবে না। মানি অর্ডার, পোস্টাল অর্ডার, পে-অর্ডার, ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হয় বলে কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে। ১১ অক্টোবর সোমবার থেকে ৪০তম সমাবর্তন '৯৯-এর ফরম পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর থেকে বিতরণ করা হবে।